

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৪ অধিশাখা  
প্রজ্ঞাপন

তারিখ, ০১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৭৩-আইন/২০১৬।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, কর্মকর্তা ও কর্মচারী (জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর—

(ক) ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“২৬। সহকারী পরিচালক (ক্যামেরা ও আলোক সম্পাদ প্রশিক্ষণ)	৩০ বৎসর পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	পদোন্নতির ক্ষেত্রে: উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন) বা উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) পদে ৭(সাত) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সার্টিফিকেটধারী। সরাসরি নিয়োগের ক্ষেত্রে: (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তড়িৎ ইলেকট্রনিক্স বা কম্পিউটার প্রকৌশল বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ)সহ স্নাতক বা সমমানের ডিগ্রি
--	--	---	--

( ১৮৩৩৭ )

মূল্য : টাকা ৪.০০

অথবা পদার্থ বিজ্ঞান (ইলেকট্রনিক্স বিষয়সহ) অথবা ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: এবং

(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ক্যামেরা পরিচালনায় সার্টিফিকেটধারী”।;

(খ) ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৪০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৪০। উপ-সহকারী প্রকৌশলী (টেলিভিশন)	৩০	সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ইলেকট্রনিক্স প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা”।
--	----	--------------------------------	---

রাষ্ট্রপতির আদেশক্রমে

মরতুজা আহমদ  
সচিব।